

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৪২

পর্ব-৫: জানায়া (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

بَابُ عِيَادَةِ الْمَرِيضِ وَثَوَابِ الْمَرَضِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَثُلُ الْمُؤْمِنِ كَمَثُلِ الزَّرْعِ لَا تَزَالُ لَارِيحٌ تَمِيلُهُ وَلَا يَزَالُ الْمُؤْمِنُ يَصْبِيَهُ الْبَلَاءُ وَمَثُلُ الْمُنَافِقِ كَمَثُلِ شَجَرَةِ الْأَرْزَةِ لَا تَهْرُزُ حَتَّى تُسْتَحْصَدَ»

বাংলা

১৫৪২-[২০] আবু হুরায়রাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুমিনের দৃষ্টান্ত হলো এক শস্য ক্ষেত্রের মতো। শস্য ক্ষেতকে যেভাবে বাতাস সবসময় ঝুঁকিয়ে রাখে, ঠিক এভাবে মুমিনকে বিপদাপদ দোলায়। বালা-মুসীবত ঘিরে থাকে। আর মুনাফিকের দৃষ্টান্ত হলো, পিপুল গাছের মতো। পিপুল গাছ বাতাসের দোলায় ঝুঁকে না পড়লেও পরিশেষে শিকড়সহ উপড়ে যায়। (বুখারী, মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : বুখারী ৫৬৪৪, মুসলিম ২৮০৯, আহমাদ ৭১৯২, মুসামাফ 'আবদুর রায়ঝাক ২০৩০৭, আত্ তিরমিয়ী ২৮৬৬, শু'আবুল ঈমান ৯৩২১, শারভস্স সুন্নাহ ১৪৩৭, সহীহ আত্ তারগীব ৩৪০০, সহীহ আল জামি' আস্ সগীর ৫৮৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের মর্মার্থ হলঃ মুমিনের শরীরে অনেক দুঃখ-যন্ত্রণা রয়েছে অথবা তার পরিবারে এবং তার সম্পদে আর যা গুনাহ মিটানো ও মর্যাদা বৃদ্ধির কারণ। পক্ষান্তরে মুনাফিক ও কাফিরের ক্ষেত্রে দুঃখ-যন্ত্রণা মুসীবাত স্বল্প আর যদিও তা আসে তাহলে তার কোন গুনাহ মিটিয়ে যায় না বরং কিয়ামাতে তার জন্য বড় শাস্তি নিয়ে আসে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56102>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন